## এক ঝলক

### মমতা-নওশাদ কথা বিধানসভায়

■ **স্টাফ রিপোর্টার :** ফুরফুরা শরিফের উন্নয়ন সংক্রান্ত কিছু বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে কথা বললেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি। সোমবার বিধানসভার অধিবেশন চলাকালীনই নওশাদকে ডেকে নিয়ে আলাদা করে কথা বলেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়ে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম এসে ডেকে নিয়ে যান নওশাদকে। তারপরই হাউসের বাইরে কথা হয়। এই সাক্ষাৎ প্রসঙ্গে পরে সংবাদ মাধ্যমের সামনে নওশাদ বলেন, ‘‘ফুরফুরা শরিফে একটা বিশ্ববিদ্যালয়ের দাবি আমাদের আছে। উন্নয়নের কাজে কিছু সমস্যা রয়েছে সেটা মুখ্যমন্ত্রীকে বলেছি। সরাসরি তাঁর সঙ্গে কথা বলেছি, আশা করি সমস্যার সমাধান হবে। মুখ্যমন্ত্রীও সমস্ত বিষয়গুলি দেখার আশ্বাস দিয়েছেন। ফুরফুরা শরিফের একটা কাজ ছিল উনি করে দিয়েছেন।’’ এই আলোচনার সঙ্গে রাজনৈতিক কোনও সম্পর্ক নেই বলে আইএসএফ বিধায়ক জানিয়েছেন।

### রাজভবনে আটকে ফাইল

■ **স্টাফ রিপোর্টার:** প্রায় এক মাস হতে চলল, এখনও রাজভবনে আটকে মন্ত্রিসভার রদবদলের ফাইল। তাতে সই করেননি রাজ্যপাল। কেন করেননি, তার কোনও ব্যাখ্যাও রাজভবনের তরফে নবান্নকে দেওয়া হয়নি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানান, দুটো নাম পাঠানো হয়েছে রাজভবনে। জানা গিয়েছে, গত ১০ জুলাই এই ফাইল রাজভবনে পাঠিয়েছিল নবান্ন। কিন্তু এখনও রাজ্যপালের সই না হওয়ায় সেটি আটকে গিয়েছে মন্ত্রিসভায় রদবদলের মতো গুরুত্বপূর্ণ বিষয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজেই রাজ্যপালদের সঙ্গে রাজ্য সরকারগুলির সমন্বয় বৃদ্ধির প্রয়োজনীয়তার কথা বলেছেন। এই পরিস্থিতিতে পশ্চিমবঙ্গের রাজ্যপাল যেভাবে মন্ত্রিসভায় রদবদলের মতো গুরুত্বপূর্ণ বিষয়ের ফাইল আটকে রেখেছেন, তা নিয়ে প্রশ্ন তুলছে প্রশাসনিক ও রাজনৈতিক মহল।

### পরিচয় ঘটাতে নমুনা ওএমআর

■ **স্টাফ রিপোর্টার :** উচ্চমাধ্যমিক স্তরের নতুন সেমেস্টার ব্যবস্থায় তৃতীয় সেমেস্টার তথা দ্বাদশের প্রথম সেমেস্টারের পরীক্ষা হবে এমসিকিউ (মাল্টিপল চয়েস কোয়েশ্চেন)-এর উপর। যার উত্তর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের দিতে হবে ওএমআরে। কেমন হবে সেই ওএমআর? চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির প্রথম সেমেস্টারের পড়ুয়াদের তার সঙ্গে আগে থেকেই পরিচয় ঘটাতে নমুনা ওএমআর প্রকাশ করল উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। এই পড়ুয়ারাই ২০২৫-২৬ শিক্ষাবর্ষে সেমেস্টার ব্যবস্থায় প্রথমবার উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন। সোমবার জারি বিজ্ঞপ্তিতে অধীনস্থ সব স্কুলের প্রধানদের বলা হয়েছে, পড়ুয়ারা যাতে তৃতীয় সেমেস্টারে কোনও সমস্যার সম্মুখীন না হন তার জন্য প্রথম সেমেস্টার থেকেই এই ওএমআরে পড়ুয়াদের অভ্যস্ত করে তুলতে। প্রসঙ্গত, তৃতীয় সেমেস্টারের পরীক্ষা হবে ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে।

### এইমস দুর্নীতি, মামলা খারিজ

■ **স্টাফ রিপোর্টার:** কলকাতা হাই কোর্টের নির্দেশে আপাতত স্বস্তিতে বিজেপি নেতা নীলাদ্রিশেখর দানা, বঙ্কিমচন্দ্র ঘোষ, সুভাষ সরকার, জগন্নাথ সরকার-সহ একাধিক ব্যক্তি। কল্যাণী থানায় এইমসে নিয়োগ দুর্নীতির অভিযোগে দায়ের করা মামলা খারিজ করে দিল কলকাতা হাই কোর্ট। ওই হাসপাতালে বেআইনিভাবে বিজেপি নেতাদের আত্মীয়দের চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগ উঠেছিল। বিজেপি বিধায়ক নীলাদ্রিশেখর দানা, রানাঘাটের বিজেপি সাংসদ জগন্নাথ সরকার, চাকদহের বিজেপি বিধায়ক বঙ্কিম ঘোষ, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুভাষ সরকারের বিরুদ্ধে প্রভাব খাটিয়ে কল্যাণী এইমসে নিজের আত্মীয়দের চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগ। যা নিয়ে ২০২২ সালের মে মাসে কল্যাণী থানায় লিখিত অভিযোগ করেছিলেন মুর্শিদাবাদের হরিহরপাড়ার এক যুবক। প্রতারণা, অপরাধমূলক ষড়যন্ত্র-সহ একাধিক ধারায় তখন মামলা রুজু হয়। সোমবার বিচারপতি অজয়কুমার গুপ্ত জানান, জনপ্রতিনিধি বা সরকারি আধিকারিকদের বিরুদ্ধে আর্থিক দুর্নীতির মামলা শুরু করতে হলে সংশ্লিষ্ট সরকারের অনুমোদন নিতে হয়। এই ক্ষেত্রে সেই অনুমোদন নেওয়া হয়নি। পুলিশ অনুমতি না নিয়েই ওই ধারায় মামলা দায়ের করেছে। তাই এই মামলার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন রয়েছে।



■ বিধানসভা চত্বরে বৃক্ষরোপণ উৎসবে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে রাজ্যের দুই মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও বিরবাহা হাঁসদা। সোমবার এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, “আগামী বছর থেকে সংবর্ধনা হিসাবে ফুলের তোড়া নয়, গাছের চারা দিন। এখন তো অনেকেই উপহার হিসাবেও গাছের চারা নিয়ে যান।” তাঁর বার্তা, সবুজকে ধ্বংস কোরো না, সবুজকে আঘাত দিও না, ওরাও বাঁচতে চায়। —পিন্টু প্রধান।

### বন্যা মোকাবিলায় নজর, আজ ভরা কটাল, বহু জায়গা প্লাবিত হওয়ার শঙ্কা

# মন্ত্রী-বিধায়করা এলাকায় থাকুন, নির্দেশ মমতার

**স্টাফ রিপোর্টার:** ঝাড়খণ্ডের তেনুঘাট ও পাঞ্চেত জলাধার থেকে যে জল ছাড়া হয়েছে, তাতে আজ মঙ্গলবার হাওড়া, হুগলি, পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ অংশ প্লাবিত হওয়ার আশঙ্কা রয়েছে। সেই পরিস্থিতি মোকাবিলায় মন্ত্রী ও স্থানীয় বিধায়কদের ওই সব এলাকায় নজরদারির নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি মুখ্যমন্ত্রী জানান, ওইদিন ভরা কটাল রয়েছে। তার উপর একবারে জল ছাড়ছে ডিভিসি। ফলে একাধিক এলাকায় জল ঢুকতে পারে। এই প্রসঙ্গে ডিভিসি-র বিরুদ্ধেও এদিন ক্ষোভের কথা জানান। তাঁর কথায়, ৮০ শতাংশ ভরে গেলে অল্প অল্প করে জল ছাড়লে তো এই পরিস্থিতি হয় না। সমস্ত ডিএম এসপিকে সতর্ক থাকতে বলা হয়েছে। পুলক রায় ও বেচারাম মান্নাকে বলেছি ওদের এলাকাগুলোয় নজর রাখতে। হাওড়া, হুগলির অনেক জায়গায় জল ঢুকতে পারে। একইসঙ্গে মুখ্যমন্ত্রী এদিনও এটাকে ম্যান মেড বন্যা বলেছেন ঘনিষ্ঠ মহলে। জানিয়েছেন, সেচের সমস্যায় যখন জল লাগে, তখন জল দেয় না ডিভিসি। এমনি সময় একসাথে জল ছেড়ে দেবে। খুব খারাপ। পাশাপাশি উত্তরবঙ্গের পরিস্থিতির দিকেও প্রশাসনকে নজর রাখার নির্দেশ দেন তিনি।

সোমবার রাজ্য মন্ত্রিসভার বৈঠক ছিল বিধানসভায়। সূত্রের খবর, বৈঠকে রাজ্যে প্লাবন পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী জানান, তেনুঘাট ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়া হয়েছে। যার জেরে মঙ্গলবার সকালের মধ্যে হাওড়া, হুগলি ও পশ্চিম মেদিনীপুরের বিরাট অংশে বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। এই পরিস্থিতিতে বিধায়কদের এলাকায় থেকে যাওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সেই সঙ্গে জানিয়েছেন, তিন জেলার জেলাশাসক ও সেচ দফতরের আধিকারিকদের সঙ্গেও কথা বলেছেন তিনি।

দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও ডিভিসির ছাড়া জল নিয়ে চিন্তায় রাজ্য প্রশাসন। রাজ্য সরকার দাবি করেছে, এ বারও না জানিয়েই জল ছেড়েছে ডিভিসি। যার জেরে নানা জেলা প্লাবিত হয়েছে। তেনুঘাট জলাধার থেকে যাতে বুঝেশুনে জল ছাড়া হয়, সেই বিষয়টি দেখতে ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনকেও রবিবার ফোন করেছিলেন মমতা। তিনি নিজেই সে কথা জানিয়েছিলেন।

### ‘কাকাবাবু’র জন্মদিবসের সভায় তরুণ প্রজন্মের উপস্থিতি কম, আক্ষেপ

# স্ট্রিট কর্নার, মিটিংয়ে লাভ হবে না, জনসংযোগের বার্তা বিমানের মুখে

**স্টাফ রিপোর্টার :** শুধু স্ট্রিট কর্নার, মিটিং আর সংগঠিত সভায় বক্তব্য রেখে হবে না। নিবিড় জনসংযোগ চাই। দলের তরুণ প্রজন্ম তো বটেই, বর্তমান পার্টি সদস্যদের আরও ত্যাগ-তিতিক্ষার প্রয়োজন। মুজফ্‌ফর আহমেদের (কাকাবাবু) ১৩৬তম জন্মদিবসে সোমবার মহাজাতি সদনে অনুষ্ঠিত এক আলোচনা সভায় এমনই পরামর্শ দিলেন প্রবীণ সিপিএম নেতা তথা বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু। শুধু তাই নয়, কাকাবাবু যে ত্যাগ-তিতিক্ষার মধ্যে কাজ করেছেন দেশে কমিউনিস্ট পার্টি গড়ে তুলতে সেই ত্যাগের কথা এখন পার্টিতে কেউ ভাবতেই পারবে না। এমনই মন্তব্য করে বিমান বসুর আক্ষেপ, এদিন দলের মহাজাতি সদনে মুজফ্‌ফর আহমেদ স্মরণ অনুষ্ঠানে বর্তমান প্রজন্মের কর্মী তথা ছাত্র-যুব সংগঠনের উপস্থিতির সংখ্যা কম থাকায়। তিনি বলেন, ‘‘ছাত্র-যুবদের থেকে মধ্যবয়সি ও বয়স্কদের উপস্থিতির সংখ্যা বেশি দেখছি।’’ বিমানবাবুর কথায়, ‘‘নিবিড় জনসংযোগের লক্ষে পথ চলতে না পারলে বর্তমান পরিস্থিতি পরিবর্তন সম্ভব নয়। এটা নতুন প্রজন্মকে ভাবতে হবে।’’ আলোচনা সভায় উপস্থিত সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, পশ্চিমবঙ্গে পার্টিকে এগিয়ে নিয়ে যেতে হবে। বামপন্থী শক্তিকে সংহত করতে হবে। বিমান বসু থেকে শুরু করে সেলিম, সূর্যকান্ত মিশ্ররা এদিন শপথ নেওয়ার ডাক দেন মানুষের সঙ্গে সম্পর্ক দৃঢ় করার। বিজেপিকে যে তৃণমূল হারাতে পারে, সিপিএম নয়, সেটা মানুষ ভেবেছিল, এদিন ফের এটা স্বীকার করেন সিপিএম নেতা সূর্যকান্ত মিশ্র।



■ মুজফফর আহমেদের ১৩৬তম জন্মদিবস অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু। রয়েছেন মহম্মদ সেলিম, সূর্যকান্ত মিশ্র-সহ সিপিএম নেতৃত্ব। সোমবার মহাজাতি সদনে। —অরিজিৎ সাহা।

সিপিএমের প্রাক্তন রাজ্য সম্পাদক বলেন, ‘‘মানুষ ভেবেছে আমাদের শক্তি নেই, তাই তৃণমূলকে দিয়ে বিজেপিকে হারাবে। এটা তাদের দোষ নয়। আবার কেউ তৃণমূলের বিরুদ্ধে বিজেপিকে বেছে নিয়েছে।’’ তৃণমূল ও বিজেপির এই বাইনারি যে ভাঙা যায়নি তা এদিন স্বীকার করে নিয়েছেন সিপিএম নেতৃত্ব। সারা দেশে বামপন্থীদের ঐক্যের প্রয়োজনীয়তার কথা এদিন তুলে ধরেন সূর্যকান্ত থেকে সেলিমরা। যারা কোনও পার্টি করে না, অথচ বামপন্থী মনস্ক, তাদের সংগঠিত করার প্রয়োজন। এ রাজ্যেও শুধু বামপন্থীদের নিয়ে হবে না, বামগণতান্ত্রিক শক্তিকে নিয়ে আসতে হবে। এমনটাই মত সূর্যকান্ত মিশ্রর। প্রসঙ্গত, জাতীয় স্তরে বামপন্থীরা প্রান্তিক অবস্থায় চলে যাচ্ছে। জাতীয় স্তরে বামপন্থী ঐক্য ও বামপন্থীদের যৌথ কার্যক্রমও হয়নি। পার্টিও দুর্বল হয়ে যাচ্ছে। সদ্য প্রকাশিত সিপিএমের পার্টি চিঠিতেও এই উদ্বেগ উঠে এসেছে। এ রাজ্যে লোকসভা ভোটেও সিপিএমের প্রাপ্তি শূন্য। এই পরিস্থিতিতে এদিন ‘কাকাবাবু’-র জন্মদিনকে সামনে রেখে ঘুরে দাঁড়ানোর শপথ নিতে দলের নতুন প্রজন্মের উপরই ভরসা করছে বঙ্গ সিপিএম। এদিন মহাজাতি সদনের অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শ্রীদীপ ভট্টাচার্য, রবীন দেব প্রমুখ নেতৃত্ব। এদিন মুজফ্‌ফর আহমেদ স্মৃতি পুরস্কারও প্রদান করা হয়। এদিকে, প্রয়াত সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের সংগ্রহে দেশ-বিদেশের যে কয়েক হাজার বইয়ের সম্ভার ছিল, তা তুলে দেওয়া হয় সিপিএমের হাতে। এদিন মহাজাতি সদনে মুজফ্‌ফর আহমেদের জন্মদিবসের অনুষ্ঠানে উপস্থিত হয়ে সুনীলের বইয়ের সম্ভার সিপিএমকে তুলে দেন তাঁর স্ত্রী স্বাতী গঙ্গোপাধ্যায়।

### মানিকের জামিন মামলায় ইডির ভূমিকায় ক্ষুব্ধ হাই কোর্ট

**স্টাফ রিপোর্টার:** প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি মানিক ভট্টাচার্যর জামিন মামলায় ইডির ভূমিকায় অসন্তুষ্ট কলকাতা হাই কোর্ট। বারবার শুনানি পিছিয়ে দেওয়ায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ভূমিকায় প্রশ্ন তুলে সোমবার কড়া সমালোচনা করলেন বিচারপতি শুভ্রা ঘোষ। ইডির আইনজীবীকে সতর্ক করে আদালতের প্রাথমিক পর্যবেক্ষণ, ‘‘বারে বারে এমন একটি গুরুত্বপূর্ণ মামলার দিন পিছিয়ে দিলে মুশকিল। আর যেন কোনও ভাবে পরবর্তী শুনানি পিছানো না হয়।’’ প্রসঙ্গত, সোমবার বিকেল ৩ টের সময় বিচারপতি শুভ্রা ঘোষের এজলাসে মানিক ভট্টাচার্যর জামিনের শুনানি ছিল। প্রাথমিকের নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়া মানিক ভট্টাচার্যর জামিনে ইডির আপত্তি নিয়ে এদিন বক্তব্য পেশ করার কথা ছিল। কিন্তু, আদালতের মামলার শুনানির প্রথমার্ধে ইডির তরফে শুনানির দিন পিছিয়ে দেওয়ার আবেদন জানানো হয়। সেখানে বলা হয়, ‘‘সিনিয়র কাউন্সিল ফিরোজ এডুলজি শহরে নেই। সেই কারণে, শুনানি পিছিয়ে দেওয়া হোক।’’ যা শুনে বিচারপতি শুভ্রা ঘোষ বিরক্তি প্রকাশ করেন। তিনি বলেন, ‘‘এমন মামলায় বারবার যদি দিন পিছিয়ে দিতে হয় তাহলে তো মুশকিল। এর আগেও ইডি সময় নিয়েছে।’’ এর পরই আগামী ১২ আগস্ট বেলা সাড়ে ৩ টায় পরবর্তী শুনানির দিন ধার্য করে বিচারপতির সতর্কতা, কোনওভাবে যেন ওইদিন শুনানি পিছনোর আর আবেদন না করা হয়।

### আরএসএস-বিজেপির পাশাপাশি বাংলাদেশ ইস্যুতে বুর্জোয়া রাজনীতিকে দায়ী করলেন প্রভাস

# সিপিএম ভুল স্বীকার করুক, চায় এসইউসি

**স্টাফ রিপোর্টার :** ভোটে সিপিএম ফের শূন্য। যা নিয়ে তীব্র শ্লেষে সিপিএমকে বিঁধল এসইউসি। সোমবার রানি রাসমণি রোডে তাদের জনসমাবেশ থেকে সাধারণ সম্পদক প্রভাস ঘোষ বলেন, ৩৪ বছরের অপশাসনের ভুল থেকে তাদের ফল হয়েছে। নতুন করে জনমত নিয়ে আর কী হবে? তারা তাদের ভুল স্বীকার করুক। পাশাপাশি বাংলাদেশের পরিস্থিতির জন্য ‘বুর্জোয়া পলিটিক্সের’ ক্লেদাক্ত চেহারাকে দায়ী করে সরব হয়েছেন। দেশের রাজনীতিকেও এই ক্লেদাক্ত চেহারার জন্য বিজেপিকে নিশানা করেছেন তিনি।

সোমবার ৫ আগস্ট তাদের প্রতিষ্ঠাতা সম্পাদক শিবদাস ঘোষের ৪৮তম প্রয়াণদিবসে রানি রাসমণি রোডে জনসমাবেশ ছিল এসইউসির। সেই সমাবেশ থেকেই প্রভাসবাবু কখনও সরব হয়েছেন বিজেপির বিরুদ্ধে, কখনও সিপিএমের বিরুদ্ধে। তাঁর কথায়, “সিপিএম এখন জনমত সংগ্রহ করছে কেন তাদের ভোট কমল। এর জন্য জনমতের কী দরকার। তারা কি জানে না ৩৪ বছর কী অপশাসন তারা করেছে?” এর সঙ্গেই বলেন, “বামপন্থাকে আত্মসাৎ করে প্রথমে সিপিআই, তারপর সিপিএম রাজত্ব চালিয়েছে। প্রমোটাররাজ, সিন্ডিকেটরাজ, তোলাবাজির রাজত্ব চলেছে। আগে তো কে চাকরি করবে, কে কাজ পাবে, কার সঙ্গে কার বিয়ে হবে এসবও সিপিএম ঠিক করত। সিপিএম কি ৩৪ বছরে কী ভুল করেছে সেটা স্বীকার করেছে?” এরই প্রেক্ষিতে শিবদাস ঘোষের উদ্ধৃতি উল্লেখ করে বলেন, “শিবদাস ঘোষ বলতেন, যাঁরা প্রকৃত বামপন্থী নিজের ভুল স্বীকার করে। এরা তা স্বীকার করেনি। তার জন্যই এই পরিণতি। আজ তাদের সংসদে ২টো আসনের জন্য লড়তে হচ্ছে।” তবে তিনি বা তাঁর দল কখনওই সিপিএম-বিরোধী অবস্থান নিয়ে চলেন না বলে সাফ বলে দেন। তাঁর কথায়, “আমরা সিপিএম বিরোধী কোনও বিদ্বেষ নিয়ে চলি না। আমরা চাই সিপিএম তাদের ভুল স্বীকার করুক। বলুক তারা ভুল করেছে। এই নন্দীগ্রামে সিপিএম ক্যাডার দিয়ে গণধর্ষণ পর্যন্ত করেছে। এ মানুষ মেনে নিতে পারে না।” এর পরই বিজেপি-সহ আন্তর্জাতিক রাজনীতি বুর্জোয়াদের হাতে নিয়ন্ত্রিত হচ্ছে বলে সরব হন। তাঁর অভিযোগ, বিজেপির বুর্জোয়া রাজনীতি নিয়ে। লোকসভা ভোটের ফলকে সামনে রেখে শিবদাস ঘোষের উদ্ধৃতি উল্লেখ করে বলেন, “তিনি যা বলেছিলেন এই নির্বাচনে তাই হয়েছে। বুর্জোয়া পলিটিক্স কতটা অধঃপাতিত সেটা আপনারা দেখতে পাচ্ছেন। কাদা ছোড়াছুড়ি চলছে, কদর্যতা প্রদর্শন চলছে। বুর্জোয়া সংসদীয় রাজনীতি ক্লেদাক্ত চেহারা নিয়েছে।” কংগ্রেস নেতৃত্বের পাশাপাশি তৃণমূলকেও একহাত নেন। এর সঙ্গেই বাংলাদেশের প্রসঙ্গ টেনে বলেন, “একই চেহারা প্রতিবেশী বাংলাদেশে। সেখানে ছাত্র সমাজ এক ঐতিহাসিক আন্দোলন চালিয়ে যাচ্ছে। কয়েকশো প্রাণ শহিদ। সেখানকার সরকারের পতনের দাবিতে লড়াই করেছে তারা। আর এই লড়াইয়ে জামাত বিএনপি আছে বলে প্রচার চালানো হচ্ছিল। সেটা একেবারে ঠিক নয়।” তাঁর কথায়, “লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর কণ্ঠে রবীন্দ্র-নজরুল সংগীত। এই গান ব্রিটিশ বিরোধী বিপ্লববাদকে সঞ্চারিত করেছিল সেই গান গেয়েই তাঁরা শহিদের মৃত্যু বরণ করেছেন।” এ প্রসঙ্গে তাঁর যুক্তি, “দেশের রাজনীতি বুর্জোয়া শিল্পপতিরা নিয়ন্ত্রণ করছে। তারাই বাংলাদেশ লুঠ করছে। সাম্রাজ্যবাদী শক্তি চিনের সঙ্গে পাল্লা দিতে চাইছে তারা।” প্রভাসবাবু স্পষ্ট জানিয়ে দেন, পুঁজিবাদের বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রাম চাই। তাঁর কথায়, “বাংলাদেশের ধাঁচে আন্দোলন গড়ে তুলতে হবে। তাদের মতো করে শক্তি সঞ্চয় করে লড়াই করতে হবে ছাত্রছাত্রীদের। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের দাবিতে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। সেনা ক্ষমতা নিতে চেয়েছিল। মানুষ বলেছে অন্তর্বর্তী সরকার চাই। আলোচনা চলছে।” এর সঙ্গেই প্রত্যেককে বলেছেন, শিবদাস ঘোষের পথেই চলতে হবে। সেই সঙ্গে রাজনীতির তুলনামূলক আলোচনার জন্য পাড়ায় পাড়ায় মহল্লায় মহল্লায় ‘পাবলিক কমিটি’ গড়ে তুলতে হবে।



■ এসইউসিআইয়ের প্রতিষ্ঠা দিবসে দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ। সোমবার রানি রাসমণি রোডের সমাবেশে। —প্রবীর বন্দ্যোপাধ্যায়।

### এবার একাদশের পাঠ্যে স্বামী বিবেকানন্দ

**স্টাফ রিপোর্টার :** দশম শ্রেণির পাঠ্যক্রমে আগেই যুক্ত করা হয়েছে নেতাজি সুভাষচন্দ্র বসুর ‘তরুণের স্বপ্ন’। এবার একাদশ শ্রেণির পাঠ্যক্রমে যুক্ত হচ্ছে স্বামী বিবেকানন্দের ‘কল টু দ্য নেশন’। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ইচ্ছাতেই পাঠ্যক্রমে জায়গা পেল বইটি। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য বলেন, “মুখ্যমন্ত্রীর ইচ্ছা অনুসারে, স্কুল শিক্ষা দপ্তরের নির্দেশে আমরা এটা করেছি। ইংরেজি বিষয়ের অধীনে সাপ্লিমেন্টারি পড়ার বই হিসাবে এটাকে রাখছি। কিন্তু, এর উপর কোনও মূল্যায়ন হবে না। অর্থাৎ কোনও প্রশ্ন আসবে না। উচ্চশিক্ষা ব্যবস্থায় আমরা এটাকে নন-ক্রেডিট কোর্স বলি।” সোমবার সংসদের তরফে জারি বিজ্ঞপ্তি অনুযায়ী, অন্যান্য ভাষা বিষয়গুলির মতো স্বামী বিবেকানন্দের এই বইটিও বিনামূল্যে দেওয়া হবে একাদশের পড়ুয়াদের। বই সরবরাহের দায়িত্বে রয়েছে ‘ওয়েস্ট বেঙ্গল টেক্সট বুক কর্পোরেশন লিমিটেড’। পোশাকি ভাষায় বইটি, ‘নন-ইভ্যালুয়েটিভ সাপ্লিমেন্টারি রিডিং বুক’। অর্থাৎ, এই বই থেকে পরীক্ষায় কোনও প্রশ্ন আসবে না। যে কারণে ছাত্রছাত্রীদের কাছে বইটির কোনও গুরুত্ব থাকবে না বলেই মনে করছেন শিক্ষক মহলের একাংশ। অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক চন্দন গরাইয়ের মতে, “মূল্যায়নের মধ্যে রাখা না হলে ছাত্রছাত্রীদের কাছে বইটির কোনও গুরুত্ব থাকবে না।” শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারীর কথায়, “একাদশ শ্রেণির বিশেষ করে বাংলা এবং ইংরেজির বিরাট সিলেবাস নিয়ে সমালোচনার ঝড় উঠছে। তার উপর কোনও প্রশ্নপত্র পরীক্ষায় থাকবে না, এমন একটি বই পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত অবাস্তব।”

### গড়বেতায় সরল সৌরবিদ্যুৎ প্রকল্প

**স্টাফ রিপোর্টার:** পূর্ব মেদিনীপুরের দাদনপাত্রবাড় থেকে ১১২ মেগাওয়াটের সৌরবিদ্যুৎ প্রকল্প পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় সরিয়ে নেওয়া হচ্ছে। সোমবার মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। তাজপুর গভীর সমুদ্রবন্দর গড়ে উঠবে যে এলাকাজুড়ে, তার মধ্যেই এই প্রকল্পের জমিও ঢুকে যাচ্ছিল। তাই সৌরবিদ্যুৎ প্রকল্পটিকে গড়বেতায় সরিয়ে নেওয়া হল। প্রসঙ্গত, সৌরবিদ্যুৎ প্রকল্পটি গড়তে সাড়ে ৭০০ কোটি টাকা খরচ হবে। কেএফডব্লু প্রোজেক্ট থেকে এই প্রকল্পের জন্য ঋণ পাওয়া যাবে।




**WEST BENGAL STATE ELECTRICITY DISTRIBUTION COMPANY LIMITED**
(A Govt. of West Bengal Enterprise)
Regd. Office : Vidyut Bhavan, Block-DJ, Sector-II, Bidhannagar, Kolkata - 700 091
CIN : U40109WB2007SGC113473, www.wbsedcl.in

**EXTENSION OF TIME**

*For Recruitment to the Post of Consultant - Renewable Energy on Contractual Basis*

**Ref. Notification No.:** MPP/2024/03 **Dated:** 03.07.2024 of the **Addl. General Manager (HR&A), Recruitment & Manpower Planning Cell, WBSEDCL**, originally published in this newspaper on **10.07.2024**. The Last Date for Submission of Application is hereby extended up to **20.08.2024 (5:30 PM)**. ICA-N375(4)/2024

For details, visit **www.wbsedcl.in (Career@WBSEDCL)**

**পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন**
বিকাশ ভবন, (৩য় তল) ইস্ট ব্লক, সল্টলেক, কলকাতা -৭০০০৯১

WBMSC/1st SLST(NT) Group-D/ Notice-09/2024 Dated: 05/08/2024

**1st SLST(NT) 2010, Group-D: লিখিত পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি**

পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন দ্বারা আয়োজিত **‘1st SLST(NT)-Group-D’**-র 28.11.2010 তারিখে অনুষ্ঠিত Preliminary Screening Test-এ যে **73,978 জন প্রার্থী যোগ্যতা অর্জন করা সত্বেও 29.05.2011 তারিখের লিখিত পরীক্ষা দিতে পারেননি**, তাদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন এর ওয়েবসাইট **www.wbmsc.com** -এ **“List of candidates who were eligible for, but could not appear at the Written Test of 1st SLST(NT)-Group-D”** এই লিস্টে দেওয়া হল।

**এই 73,978 জন প্রার্থীকে আগামী 01.09.2024 (রবিবার) তারিখে পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত লিখিত পরীক্ষা (Written Test) দিতে হবে।**

এ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য এই 73,978 জন প্রার্থীকে পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন এর ওয়েবসাইট **www.wbmsc.com** -এ, **‘Online Updation Portal of 1st SLST(NT)-Group-D’** -এ নিজের **রেজিস্ট্রেশন নম্বর** ও **ইংরেজি জন্মতারিখ** দিয়ে লগইন করে নিম্নলিখিত ব্যক্তিগত বিবরণী Update/Upload করতে হবে:

১.**Email Id**, ২.**মোবাইল নম্বর**, ৩.**হোয়াটস্যাপ নম্বর**, ৪.**আধার নম্বর**, ৫.**যোগাযোগের জন্য বর্তমান ঠিকানা**, এবং ৬.**আধার কার্ড** (JPEG বা JPG বিন্যাসে ৫০০ কে.বি-র মধ্যে) Upload করুন।

**তথ্য Update/Upload করার শেষসময় ১৫.০৮.২০২৪ (বৃহস্পতিবার) রাত্রি ১১টা ৫৯ মিনিট।**

তথ্য বিবরণী update সংক্রান্ত যেকোনো অনুসন্ধানের জন্য
**৯১২৩০৮৩৩১৪/৭০০৩৮২৬২২০** নম্বরে **সকাল 10 থেকে বিকেল 5 টার** মধ্যে যোগাযোগ করুন (ছুটির দিন ছাড়া)।
অথবা **group-D@wbmsc.com** এ **Email** করুন।
অথবা **9874355112** এই নম্বরে **WhatsApp / SMS** করুন (২৪ ঘন্টা উপলব্ধ)।

স্বাক্ষর
সচিব
পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন

**THE WEST BENGAL MADRASAH SERVICECOMMISSION**
Bikash Bhavan, (2nd floor) East Block, Salt Lake, Kolkata - 700091

WBMSC/1st SLST(NT) Group-D/Notice-08/2024 Dated: 05/08/2024

**Notice regarding Written Test of 1st SLST(NT)2010, Group-D**

The list of **73,978 candidates,** who **appeared at and qualified in the Preliminary Screening Test** of **1st SLST(NT)2010, Group-D,** held on **28.11.2010,** and **were eligible for, but could not appear at, the Written Test of 1st SLST (NT)2010, Group-D** held on **29.05.2011,** is uploaded on the website of the West Bengal Madrasah Service Commission- **www.wbmsc.com** under the link - **“List of Candidates who were eligible for, but could not appear at the Written Test of 1st SLST (NT)2010, Group-D”**.

These 73,978 candidates, who were eligible for, but could not appear at the Written Test of 1st SLST (NT)2010, Group-D,held on29.05.2011, **will have to appear at the Written Test to be conducted by the Commission on 01.09.2024 (Sunday)**.

These **73,978 candidates** have to login to the **‘Online Updation Portal of 1st SLST(NT)-Group-D’**available on the website of the West Bengal Madrasah Service Commission- **www.wbmsc.com** by entering their **Registration Number** and **Date of Birth** and update their: - 1.**Email ID** 2.**Mobile Number** 3.**WhatsApp Number** 4.**Aadhaar Number** 5.**Present Address for Communication**, and, 6.Upload **Aadhaarcard** in JPEG or JPG format (up to 500 KB) **within 15.08.2024, (Thursday) up to 23.59 hrs**. positively for further process of the said examination.

For any query regarding updation/uploading of information, candidates may call at the numbers:

**9123083314 / 7003826220** from **10 A.M. to 5 P.M.** (except holidays).
or, Email at **group-D@wbmsc.com**
or,**WhatsApp / SMS**at **9874355112** (24 hours available)

Sd/-
Secretary
West Bengal Madrasah Service Commission